

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১১২.০২.০৫১.১৭. ৬১৭

তারিখ: ০২ বৈশাখ ১৪২৫
১৫ এপ্রিল ২০১৮

প্রেরক: হাসনা জাহান খানম
যুগ্মসচিব (প্রশাসন-২)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ গৃহ নির্মাণ অগ্রিম ঋণ মঞ্জুরী।

জনাব,

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকার চলতি ২০১৭-২০১৮ অর্থ সালে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে গৃহ নির্মাণ অগ্রিম ঋণ মঞ্জুরী বাবদ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা থেকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন প্রব্রতত্ব অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রবীন্দ্র কাছারি বাড়ি, শাহজাদপুর এর সাইট পরিচারক মোছাঃ সুলতানা বেগম এর অনুকূলে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা জনস্বার্থে মঞ্জুর করতঃ গৃহ নির্মাণ ঋণ অগ্রিমের ১ম কিস্তি ৬০% হারে ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকা উত্তোলনের জন্য মঞ্জুরী প্রদান করা হলো।

- ২। ১ম কিস্তির অর্থ উত্তোলনের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ক্রয়কৃত জমি সরকারের নিকট যথারীতি বন্ধক দেয়ার পর ২য় কিস্তির অর্থ মঞ্জুরী দেয়া হবে। তাঁর মাসিক মূল বেতন ১০,৫৬০/- (দশ হাজার পাঁচশত ষাট) টাকা হিসাবে বরাদ্দকৃত টাকা তার ৩৬ মাসের মূল বেতনের অধিক নহে। উক্ত মঞ্জুরীকৃত অগ্রিমের টাকা তাঁর মাসিক বেতন বিল হতে ১,০০০/- (এক হাজার) টাকা হারে ১২০ (একশত বিশ) কিস্তিতে কর্তন করা হবে। মূল টাকার উপর ১০% হারে সুদ কর্তন করা হবে। আসল ও সুদের কোন কিস্তি যথা সময়ে পরিশোধ করা না হলে অনাদায়ী কিস্তির উপর ১১% হারে চক্রবৃদ্ধি হারে সুদ আদায় করা হবে। তিনি চাকুরী হতে অবসর গ্রহণ করলে বা অপসারিত হলে অথবা মারা গেলে তার ভবিষ্য তহবিলের অর্থ হতে অথবা অবসর ভাতা হতে যে কোন পন্থা অবলম্বনে এ ঋণ উসূল করা হবে। ১ম কিস্তির অর্থ উত্তোলনের ১২ মাস পর হতে উসূল হবে। মঞ্জুরীকৃত ঋণ অগ্রিম পরিশোধের বিষয়ে তার পক্ষে দু'জন স্থায়ী কর্মচারী নিশ্চয়তা প্রদান করেছেন।
- ৩। তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন প্রব্রতত্ব অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রবীন্দ্র কাছারি বাড়ি, শাহজাদপুর এর একজন স্থায়ী কর্মচারী। তার জন্ম তারিখ ১৫-১২-১৯৯০ এবং তিনি ০৪-০৮-২০১০ তারিখ হতে সরকারী চাকুরীতে নিয়োজিত আছেন। তিনি ইতোপূর্বে এ খাতে কোন ঋণ অগ্রিম গ্রহণ করেন নাই। তাঁর নিকট এখাতে সরকারের কোন পাওনা নাই। তিনি ঢাকা জেলার সাবেক ডেমরা হালে ডেমরা থানা ও সাব-রেজিষ্ট্রি অফিসের অধীন মৌজা নং-১১৭ মানিকনগরস্থ, সি, এস খতিয়ান নং- ২৪৫, এস, এ খতিয়ান নং-১১৩, আর এস খতিয়ান নং-২৭৯ ও সি, এস দাগ নং-১০৭০, এস, এ দাগ নং-১১৮৮, আর, এস দাগ নং-১৪০৩ এ মোট সম্পত্তির পরিমাণ ০৯.০১ (নয় একর এক) শতাংশ জমির কাতে ০২ (দুই) শতাংশ জমি ক্রয় বায়না করেছেন। উক্ত জমির উপর মালিকের স্বত্ব আছে এবং সর্বপ্রকার দায়মুক্ত মর্মে সরকারী উকিলের প্রত্যয়ন পত্র রয়েছে। তিনি যথারীতি চুক্তি সম্পাদন করেছেন তা পরীক্ষান্তে উপযোগী হিসেবে পাওয়া গেছে। জমি বিক্রের ও ক্রেতার স্বীয় স্বত্বের যোগ্যতা যাচাই করা হয়েছে এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিকট হতে অধিগ্রহণ বর্হিভূত নির্ধারিত পত্র পাওয়া গেছে। এ ঋণ মঞ্জুরীর ব্যাপারে প্রচলিত সব রকম নিয়ম পালিত হয়েছে।
- ৫। উক্ত ব্যয় ২০১৭-২০১৮ অর্থ সালের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের হিসাবের খাত '৩-৩৪০১-০০০১-৭৪০০ এর অন্তর্ভুক্ত ৭৪০১' গৃহ নির্মাণ অগ্রিম খাতের বরাদ্দ হতে মিটানো হবে।
- ৬। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ০৪-১২-২০০৭ খ্রিঃ তারিখ জারীকৃত অম/অবি/বা-১/বিবিধ(৪৭)/২০০৭/১০৫৫ সংখ্যক আদেশের ক্ষমতাবলে এই আদেশ জারী করা হলো।
- ৭। এই আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

হাসনা/

(হাসনা জাহান খানম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৭০৬৬৫


e mail: dc_admin2@moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১১২.০২.০৫১.১৭. ৬২৭

তারিখ: ০২ বৈশাখ ১৪২৫
১৫ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ০১। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০২। উপসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, রাজশাহী বিভাগ, সিরাজগঞ্জ।
- ০৫। সিনিয়র সহকারী সচিব ও ডিডিও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। কাস্টোডিয়ান, রবীন্দ্র কাছারি বাড়ি, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ০৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। মোছাঃ সুলতানা বেগম, সাইট পরিচারক, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রবীন্দ্র কাছারি বাড়ি, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ১২। অফিস কপি/গার্ড ফাইল।


১৫.০৪.১৮
(হাসনা জাহান খানম)
যুগ্মসচিব